

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই-১৬, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

নং-২২.০২.০০০০.০০৮৭.৫৯.০২৮.১৫/ ৩০২

তারিখঃ ২৫/১০/২০১৮ খ্রিঃ।


নিলাম বিজ্ঞপ্তি (২য় বার)
১/২০১৮-২০১৯

পরিবেশ অধিদপ্তরের অকেজো ঘোষিত নিম্নবর্ণিত ১ (এক) টি গাড়ী পরিবেশ ভবন চত্বরে যেখানে যে অবস্থায় আছে তার ভিত্তিতে নিলামে বিক্রয়ের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অত্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

গাড়ীর রেজিস্ট্রেশন নম্বর ও ধরন	সিডিউলের মূল্য	দরপত্র জামানত	সরবরাহ নেয়ার সময়সীমা
১। ঢাকা-মেট্রো-ঘ-১১-৮৩৪২(জীপ)	৫০০/- (পাঁচশত) টাকা	১৫,০০০/- (পনের হাজার) টাকা।	কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে

শর্তাবলী:

- ১। অত্রহী দরপত্রদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে দরপত্র জামানত হিসেবে ১৫,০০০/- (পনের হাজার) টাকার পে অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে (ফেরতযোগ্য) আয়ন ব্যয়ন কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা এর অনুকূলে জমা দিতে হবে।
- ২। দরপত্রদাতা ব্যক্তি হলে দরপত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের কপিসহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি এবং দরপত্র সিডিউল ক্রয়ের মূল রশিদ জমা দিতে হবে। জাতীয় পরিচয়পত্র ও নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি এবং সিডিউল ক্রয়ের মূল রশিদ; এই তিনটি ডকুমেন্টের কোনো একটি দাখিল না করলে প্রাথমিক বাছাইয়েই দরপত্র অগ্রহণযোগ্য বলে গণ্য করা হবে।
- ৩। দরপত্রদাতা কোন প্রতিষ্ঠান হলে দরপত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন ও আয়কর সনদের সত্যায়িত ফটোকপি এবং দরপত্র সিডিউল ক্রয়ের মূল রশিদ জমা দিতে হবে।
- ৪। নিলামের জন্য প্রস্তাবিত গাড়ীগুলো পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের দিন হতে ১৯ নভেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে দেখা যাবে এবং এ সম্পর্কিত যেকোন তথ্য জানা যাবে।
- ৫। গাড়ীর বিস্তারিত বিবরণ দরপত্র সিডিউলে পাওয়া যাবে। দরপত্র সিডিউল আগামী ১৯ নভেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের হিসাব রক্ষকের নিকট হতে ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) বিনিময়ে ক্রয় করা যাবে।
- ৬। নিলাম বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের পর হতে ২০ নভেম্বর ২০১৮ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত পরিবেশ অধিদপ্তরের ৩০৮ নং কক্ষে রক্ষিত টেভার বাস্তব সীল মোহরকৃত খামে পূর্ণ ঠিকানা উল্লেখপূর্বক দরপত্র জমা দেওয়া যাবে। একই দিন দুপুর ১২.৩০ টায় পরিবেশ অধিদপ্তরের চামেলী সম্মেলন কক্ষে দরদাতা বা তাদের প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেহ থাকেন) দরপত্র খোলা হবে।
- ৭। নির্বাচিত গ্রহণযোগ্য সর্বোচ্চ দরপত্রদাতাকে আর্থিক প্রস্তাবে উদ্ধৃত গাড়ীর মূল্যের উপর পৃথকভাবে ৪% হারে ভ্যাট ও ৫% হারে আয়কর ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিতে হবে। উল্লেখ্য, সরকার ভ্যাট ও আয়করের হার পুনঃনির্ধারণ করলে নির্বাচিত দরপত্রদাতাকে পুনঃনির্ধারিত হারে ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।
- ৮। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো সময় যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিল/পুরো নিলাম প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।


(মোঃ নূর কুতুবে আলম সিদ্দিক)
সহকারী পরিচালক (পুল)